গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
স্থানীয় সরকার শাখা
www.meherpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৮.১৯.০০২.২৩. ৩৯৭

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-১ শাখার ২০.০৩.২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০৫.২৪-৬১ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর শাখায় ০১ (এক)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

শর্তাবলী :

১। আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত আবেদনপত্র ব্যতীত গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র আগামী ২৮.০৪.২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর এর স্থানীয় সরকার শাখা হতে অথবা www.meherpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। বিবাহিত নারী প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৬। প্রার্থীর বয়সসীমা ২৮.০৪.২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিবার্তা, গেজেট, মন্ত্রণালয়ের সনদ, মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৮। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, মেহেরপুর এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।

৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করত: ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ১০″-৪.৫″ সাইজের একটি খাম আবেদনের সাথে যুক্ত করতে হবে।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

(চলমান পাতা- ২)

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০১/০৪/২০২৪

(মোঃ শামীম হাসান)
জেলা প্রশাসক
মেহেরপুর
ফোন: ০২৪৭৭৭-৯২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৮.১৯.০০২.২৩. ১৭৭

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ / ০১ এপ্রিল ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৪। জেলা প্রশাসক, ...(সকল)
০৫। পুলিশ সুপার, মেহেরপুর
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ... (সকল), মেহেরপুর
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), মেহেরপুর। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১০। মেয়র, ... (সকল) পৌরসভা, মেহেরপুর
১১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩। জেলা তথ্য অফিসার, মেহেরপুর
১৪। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, ... (সকল), মেহেরপুর
১৫। পোস্ট মাস্টার, মেহেরপুর
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার
১) জাতীয় দৈনিক : **দৈনিক** . . . . ২) স্থানীয় দৈনিক : **দৈনিক** . . . . .পত্রিকায় আগামী . . . . তারিখের মধ্যে স্বল্প পরিসরে একদিনের জন্য বর্ণিত বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো
১৭। নোটিশ বোর্ড
১৮। অফিস কপি/মাস্টার ফাইল

০১/০৪/২০২৪

(মোঃ শামীম হাসান)
জেলাপ্রশাসক
মেহেরপুর
ফোন: ০২৪৭৭৭-৯২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

চাকরির আবেদন ফরম

ছবি

বরাবর
জেলা প্রশাসক
মেহেরপুর

১.	পদের নাম :					
২.	বিজ্ঞপ্তির নম্বর : তারিখ :			দিন	মাস	বৎসর
৩.	প্রার্থীর নাম	বাংলায় :				
		ইংরেজিতে (বড় অক্ষরে):				
৪.	জাতীয় পরিচয় নম্বর					(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর					
৫.	জন্ম তারিখ :		৬. জন্মস্থান (জেলা) :			
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স :			বছর	মাস	দিন
৮.	পিতার নাম :					
৯.	মাতার নাম :					

১০.	ঠিকানা :	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর) :		
	গ্রাম/পাড়া/মহল্লা :		
	ইউনিয়ন/ওয়ার্ড :		
	ডাকঘর :		
	পোষ্টকোড নম্বর :		
	উপজেলা :		
	জেলা :		
১১.	যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর-	ই-মেইল (যদি থাকে)-
১২	জাতীয়তা :		১৩. জেন্ডার :
১৪.	ধর্ম :		১৫. পেশা :

১৬. শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)

২০	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর :	তারিখ:	দিন	মাস	বৎসর
	ব্যাংক ও শাখার নাম :				
২১	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন) :	হ্যাঁ	না	প্রযোজ্য নয়	

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দিন	মাস	বৎসর

প্রার্থীর স্বাক্ষর